

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৯৯

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - সওম পবিত্র করা

بَابُ تَنْزِيْهِ الصَّوْم

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ لَمْ يَدَعْ قَوْلَ الزُّورِ وَالْعَمَلَ بِهِ فَلَيْسَ لِلَّهِ حَاجَةٌ فِي أَنْ يَدَعَ طَعَامَهُ وَشَرَابِه» . رَوَاهُ البُخَارِيِّ قَوْلَ الزُّورِ وَالْعَمَلَ بِهِ فَلَيْسَ لِلَّهِ حَاجَةٌ فِي أَنْ يَدَعَ طَعَامَهُ وَشَرَابِه» . رَوَاهُ البُخَارِيِّ

#### বাংলা

১৯৯৯-[১] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি (সিয়ামরত অবস্থায়) মিথ্যা কথা বলা ও এর উপর 'আমল করা ছেড়ে না দেয়, তার পানাহার ত্যাগ করায় আল্লাহর কোন প্রয়োজন নেই। (বুখারী)[1]

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ১৯০৩, আবূ দাউদ ২৩৬২, তিরমিয়ী ৭০৭, ইবনু মাজাহ ১৬৮৯, আহমাদ ১০৫৬২, ইবনু খুযায়মাহ ১৯৯৫, ইবনু হিব্বান ৩৪৮০, সহীহ আতৃ তারগীব ১০৭৯, সহীহ আল জামি' ৬৫৩৯।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (قَوْلُ الزُّورِ) ''ত্বীবী বলেনঃ زور হল মিথ্যা ও অপবাদ। অর্থাৎ- কুফরী কথাবার্তা, মিথ্যা সাক্ষ্য দেয়া, বানোয়াট কথাবার্তা, পরনিন্দা করা, অপবাদ দেয়া, যিনার মিথ্যা অপবাদ দেয়া, গালিগালাজ করা, অভিশাপ দেয়া এসবই (قَوْلُ الزُّورِ) এর অন্তর্ভুক্ত।

(وَالْعُمَلَ بِهِ) "বাতিল কাজ করা।" অর্থাৎ- অশ্লীল কাজ করা, কেননা অশ্লীল কাজের গুনাহ বাতিল কথার গুনাহের মতই গুনাহ।

ইমাম ত্বীবী বলেনঃ এ দ্বারা উদ্দেশ্য অশ্লীল এবং আল্লাহর নিষিদ্ধ করেছেন এমন সকল কাজ পরিত্যাগ করা।



(فَلَيْسَ لِلَّهِ حَاجَةٌ) ''আল্লাহর কোন প্রয়োজন নেই।'' এখানে রূপক অর্থ উদ্দেশ্য। অর্থ তার 'আমল তথা সিয়াম কবুল হবে না। কেননা প্রকৃতপক্ষে আল্লাহ তা'আলার কোন বান্দার 'ইবাদাতেরই প্রয়োজন নেই।

কাষী বায়যাবী বলেনঃ সওমের বিধান দ্বারা বান্দাকে ক্ষুধার্ত পিপাসার্ত করা উদ্দেশ্য নয়। বরং উদ্দেশ্য হলো এর দ্বারা বান্দার অবৈধ শাহওয়াত দমন করা এবং নাফসে আম্মারাহকে নাফসে মুতমা'ইন্নার অনুগত বানানো। যখন তা অর্জিত না হবে তখন আল্লাহর নিকট ঐ 'আমল তথা সিয়াম গ্রহণযোগ্য হবে না।

ইবনু বাত্ত্বাল বলেনঃ এর অর্থ এ রকম নয় যে, যে ব্যক্তি মিথ্যা কথা ও অনুরূপ কাজ পরিত্যাগ না করবে তাকে সিয়াম পালন থেকে বিরত থাকতে আদেশ করা হবে। বরং উদ্দেশ্য হলো সায়িমকে মিথ্যা বলা হতে সতর্ক করা যাতে সে সিয়ামের পূর্ণ সাওয়াব অর্জনে সক্ষম হয়। জেনে রাখা ভাল যে, জমহূর 'উলামাগণের মতে মিথ্যা ও পরনিন্দা সওম বিনষ্ট করে না।

ইমাম সওরী ও ইমাম আওযা'ঈ-এর মতে গীবত তথা পরনিন্দা সওম বিনষ্ট করে। সঠিক কথা হলো তা সওম বিনষ্ট করে না তবে ঐ সমস্ত কাজ সওমের ক্ষতি করে তথা পূর্ণ সাওয়াব অর্জনে বাধার সৃষ্টি করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন